

অফিস বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদেরকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ঢাকা কমার্স কলেজ প্রতিষ্ঠালগ্ন থেকে বিগত ২৫ বছরের ন্যায় ২০১৬ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলেও শ্রেষ্ঠত্ব বজায় রেখেছে। শ্রেষ্ঠত্বের এ ধারাবাহিকতা সমুন্নত রাখতে ঢাকা কমার্স কলেজ অঙ্গীকারাবদ্ধ। এ বছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় ২৫৬৯ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ২৫৪৬ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৯৯.১০%। প্রসংগত ঢাকা বোর্ডে পাসের হার ৭৩.৫৩%। ঢাকা কমার্স কলেজ সমগ্র দেশের মধ্যে ব্যবসায় শিক্ষা শাখায় জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে ১ম অবস্থানে আছে। উল্লেখ্য, সারা দেশে (৮টি সাধারণ শিক্ষা বোর্ড) ব্যবসায় শিক্ষা শাখায় জিপিএ-৫ পেয়েছে ৪৭৩১ জন, তন্মধ্যে ৩৪৩ জনই ঢাকা কমার্স কলেজের। এ গৌরব সকল ছাত্র-ছাত্রীর এবং কলেজ গভর্নিং বডি'র সকল সদস্য, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীর। কর্তৃপক্ষ আশা করে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা ফলাফলের এ ধারাবাহিক শ্রেষ্ঠত্ব ধরে রাখতে আরও সচেষ্ট থাকবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ